



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iressppw-brdb.gov.bd/](http://www.iressppw-brdb.gov.bd/) Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.১২-২০১৪

তারিখঃ ০৭/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ আইজিএ প্রশিক্ষণ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের ০৩ (তিন) দিন ব্যাপি আইজিএ প্রশিক্ষণ কোর্স বাস্তবায়নের লক্ষ্যে গত ২৪/৮/২০১৪ তারিখে ০৩ (তিন) টি ব্যাচের জন্য মোট ১,১৪,৭৫০/- (এক লক্ষ চৌদ্দ হাজার সাতশ পঁঞ্চাশ) টাকা তহবিল ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থে আপনার উপজেলায় প্রকল্পভুক্ত সুফলভোগীদের চাহিদা ও উপযোগীতার ভিত্তিতে (প্রয়োজনে একই ট্রেডে একাধিক ব্যাচ) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা যাবে। প্রশিক্ষণ কর্মসূচী উদ্বোধন ও সমাপনীতে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতঃ রিসোর্স পার্সন হিসেবে তাদেরকে অন্তর্ভুক্ত করতে হবে। স্ব স্ব ট্রেডে প্রশিক্ষনের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত বিশেষজ্ঞ কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে। ৩০ (ত্রিশ) জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতি ব্যাচের জন্য বিভিন্ন সমিতি হতে ৪০ (চল্লিশ) জনের একটি তালিকা প্রস্তুত করতে হবে। প্রথম দিনে প্রশিক্ষণার্থী উপস্থিতির উপর ভিত্তি করে অতিরিক্ত ১০ (দশ) জন হতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থীকে অন্তর্ভুক্ত করতে হবে। অর্থাৎ প্রতি ব্যাচে কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ (ত্রিশ) জনের কম হবে না। প্রশিক্ষণ কার্যক্রম শুরুর কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও প্রকল্প সদর দপ্তরকে প্রশিক্ষণ সূচী প্রেরণ করতে হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ প্রতিবেদন (ইতিপূর্বে প্রেরিত হুকে), প্রশিক্ষণার্থী উপস্থিতি হাজিরা সীট ও মাস্টাররোলার ফটোকপি এবং প্রশিক্ষণ ক্লাসের স্থিরচিত্র (ব্যানারসহ) প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায় ইতিপূর্বে প্রেরিত প্রশিক্ষণ সূচী, বাজেট বিভাজন ও এতদসংক্রান্ত নির্দেশনা অনুসরণ পূর্বক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা বা কোন বিষয়ে জানতে অত্র দপ্তরের উপ-প্রকল্প পরিচালক (ফোন- ৮১৮০১৪৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলাঃ -----,  
জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
২. উপজেলা চেয়ারম্যান, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি।